

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সভার  
সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা।

তারিখঃ ১৯/০৯/২০২২ খ্রি.

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

অধ্যকার সভা মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা এর সভাপতিত্বে শুরু হয়।  
সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতি মহোদয় সভার শুরুতেই উল্লেখ করেন, গত ১১/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সভার সিদ্ধান্ত সমূহ উল্লেখ করেন এবং জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো বাদ্যবাদকতা রয়েছে। সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যকে গৃহীত বা বাস্তবায়িত কার্যক্রমসমূহ সভাকে জানানোর জন্য অনুরোধ করেন।

সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির ফোকাল পয়েন্ট ও ক্ষেত্র সহকারী (রাজস্ব) সভায় জানান যে, সেবা প্রদানের সেবাবক্স ইতিমধ্যে হালনাগাদ করা হয়েছে এবং অন্য সকল সেবা বক্স হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে যা এই মাসের মধ্যেই শেষ হবে।

সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্য সচিব অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক সভায় জানান যে, ২০২২-২০২৩ আর্থিক সালের জুলাই ও আগস্ট মাসের মাসিক প্রতিবেদন ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে এবং ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করে নির্ধারিত সময়েই ওয়েবপোর্টালে আপলোড করা হবে।

সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্য ও ক্ষেত্র সহকারী (এনএটিপি-২) সভায় জানান যে, সকল কর্মকর্তা/কর্মচারীদের তথ্য ইতিমধ্যে হালনাগাদ করা হয়েছে এবং এবং জেলা মৎস্য অফিসে রিপোর্ট প্রদান করা হয়েছে।

পরিশেষে সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা নির্ধারিত সময়ের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার কার্যক্রমসমূহ বাস্তবায়নপূর্বক যথাসময়ে জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আব্দুল মতিন)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
ফরিদপুর, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

স্মারক নং-৩৩.০২.৭৬৩৩.৫০১.৩৬.০০৬.২১.১২১/(০৩)

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) জেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা।

৩) সংশ্লিষ্ট নথি।

তারিখঃ ১৯/০৯/২০২২ খ্রি.

  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
ফরিদপুর, পাবনা।